

৬ ভাষায় কাগজ

তারিখ ০৯ নভেম্বর ২০০২ খ্রিঃ  
স্বাক্ষর

NOV. 20 2002

তিনি ১ মাসের মধ্যে একজন UPO-কে তিনটি কর্মস্থলে বদলি করেছেন, এমনকি একজন UPO-কে ১ সপ্তাহের মধ্যে দুইটি কর্মস্থলে বদলির নির্দেশ প্রদান করেছেন। FSSP-ছাত্রীবৃত্তি প্রকল্পে নিয়োজিত ২৭২ জন UPO-কে গত ১ বছরের মধ্যে প্রায় সবাইকে অসৎ উদ্দেশ্যে ১-৩ বার পর্যন্ত বদলি করেছেন। এমনকি মহিলা UPO-দেরকেও মানবিক দিক বিবেচনা না করে বেআইনিভাবে ছুট করে স্বামীর কর্মস্থল থেকে বহু দূরে শান্তিমূলক স্থানে পর্যন্ত বদলি করে কালো ইতিহাস সৃষ্টি করেছেন।

এমতাবস্থায় কোনো কর্মকর্তাই চিন্তা মুক্তভাবে কার্যক্রম চালাতে পারছেন না; সবাই চিন্তায় থাকেন কার কখন বদলির আর্ডার আসে।

তাই মন্ত্রী/প্রতিমন্ত্রী মহোদয়কে অনুরোধ, বিষয়টি দ্রুত তদন্ত করে সত্যতা যাচাই করবেন এবং PD সাহেবের এ রকম হঠকারি বদলির খেলা অবিলম্বে বন্ধ করে খালেদা জিয়া সরকারের ছাত্রী উপবৃত্তি প্রকল্পের কার্যক্রম সফলভাবে পরিচালনায় সহায়তা করুন।

ভুক্তভোগী UPO-এর অভিভাবক  
ডা. আব্দুল মতিন (MBBS)  
মধুপুর, টাঙ্গাইল।

### মাননীয় শিক্ষামন্ত্রী সমীপে

বিএনপি সরকারের অবদান ছাত্রী উপবৃত্তি প্রকল্প দেশে নারী শিক্ষায় বিশেষ ভূমিকা রেখে চলছে, যা সর্বজন প্রশংসিত। বিগত বিএনপি সরকারের সময় থেকে ছাত্রী উপবৃত্তি প্রকল্পে নিয়োজিত কর্মকর্তারা (UPO) সুষ্ঠুভাবে ছাত্রী বৃত্তি প্রদান করে আসছিল, যা বিএনপি সরকার দলমত নির্বিশেষে প্রশংসা পেয়েছেন। দেশের গরিব ছাত্রীরা এই উপবৃত্তি প্রাপ্তির ফলে অনেকে আজ শিক্ষিত ও চাকরিজীবী কিন্তু দুঃখের বিষয়, গত নভেম্বর ২০০১ সাল থেকে এই উপবৃত্তি (FSSP) প্রকল্পে নিয়োজিত উপজেলা প্রকল্প কর্মকর্তাদেরকে (UPO) হয়রানিমূলক বদলির খেলা শুরু করেছেন প্রকল্পের পরিচালক মহোদয়।